

জিজ্ঞাসার আবেদন

বিস্মিল্লাহির রহমানির রহীম

প্রিয় পাঠক,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

মহান আল্লাহ বলেন, ‘উদ ‘উ ইলা রাব্বিক’ অর্থাৎ তুমি তোমার রবের দিকে ডাক। সূরা কাসাস : ৮৭। রাসূলুল্লাহ স. বলেন, বাল্লিগু আন্নী ওয়ালাও আয়াহ অর্থাৎ আমার কাছ থেকে একটি বাক্য হলেও লোকদের কাছে তা পৌঁছে দাও। সহীহ বুখারী : ৩৪৬১। তিনি আরও বলেন, যে ব্যক্তি কোনো ভালো পথ দেখায় সে ঠিক ততটা বিনিময় পায় যতটা এ কাজ সম্পাদনকারী নিজে পায়। সহীহ মুসলিম : ১৮৯৩। দীন ও জ্ঞানের প্রচার-প্রসার অত্যন্ত মর্যাদাসম্পন্ন ও গুরুত্বপূর্ণ অবধারিত ইবাদাত। আমরা যারা মাসিক জিজ্ঞাসা পত্রিকার গ্রাহক, পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা ও শুভাকাঙ্ক্ষী আমাদের কোনো কথা বা কাজ দ্বারা যদি একজন লোকও আল্লাহর হেদায়াত লাভ করে বা উপকৃত হয় তবে তার আমলের প্রতিদান সাদাকায়ে জারিয়া হিসেবে আমাদের আমলনামায় লেখা হবে, যা দুনিয়ার সবকিছুর চেয়ে মূল্যবান এবং যা হবে মৃত্যুর পর স্থায়ী জীবনে অমূল্য সম্পদ। এর চেয়ে বড় সুযোগ আর কি হতে পারে! এখন প্রশ্ন হলো, আমরা ক’জন উল্লিখিত আয়াত ও হাদীসগুলোর দাবী পালনে সক্ষম হতে পেরেছি? অস্থায়ী জীবনের জন্য কতো পরিশ্রম, কতো টাকা-পয়সা ব্যয় করি। কিন্তু স্থায়ী জীবনের জন্য মহামূল্যবান সম্পদ লাভ করা জরুরী নয় কি? আমরা কি পারি না, প্রতি মাসের উপার্জন থেকে সামর্থ্য অনুযায়ী একটি অংশ সঠিক দীন প্রচারের কাজে ব্যয় করে এ মর্যাদার অধিকারী হতে? দীনের প্রচার ও প্রসারের জন্য যা খরচ করে যাবো তার সবটাই জমা থাকবে। বিচার দিবসে সেটাই কাজে আসবে। দুনিয়াতে যা রেখে যাবো তার মধ্যে সাদাকায়ে জারিয়া, উপকারী ইলম ও সৎ সন্তানের দোয়া ছাড়া আর কিছুই কোনো কাজে আসবে না। সেটিও আমাদের বিবেচনায় রাখতে হবে।

ভেজাল ও বিভ্রান্তি ছড়াছড়ির এ যুগে মাসিক জিজ্ঞাসা সাহসীকতার সাথে পাঠকদের কাছে সঠিক দীন পৌঁছে দিয়ে দীন ও জ্ঞান প্রচার-প্রসারের ক্ষেত্রে বিরাট ভূমিকা রেখে আসছে। আমরা সকলে নিশ্চয়ই বিষয়টি উপলব্ধি করে আসছি এবং আমরা নিশ্চয়ই চাই এ পত্রিকাটির নিয়মিত প্রকাশনা অব্যাহত থাকুক। তাই আল্লাহর কাছে জবাবদিহিতার চেতনায় সম্মানিত গ্রাহক, পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা ও সকল শুভাকাঙ্ক্ষী যদি এর প্রকাশনায় সহযোগিতা করি তাহলেই কেবল এ পত্রিকাটির প্রকাশনা অব্যাহত রাখা সম্ভব হবে। এ পত্রিকার কিছু কপি স্পন্সর করা, এর গ্রাহক বৃদ্ধিতে সহযোগিতা করা, এতে বিজ্ঞাপন ছাপানো, যাকাত ও দান-অনুদান প্রদান করা প্রভৃতির মাধ্যমে আমরা পূরণ করতে পারি উল্লিখিত কুরআন-হাদীসের বানী এবং জিজ্ঞাসা পত্রিকার উজ্জ্বল ভবিষ্যতের দাবী। আল্লাহ আমাদের সকলকে এ গুণ অর্জনের তাওফীক দান করুন। আমীন।

মাসিক জিজ্ঞাসা কর্তৃপক্ষ